গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ২১

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

গত ০৩ বছরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য ও প্রধান পদক্ষেপ হচ্ছে 'বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫' প্রণয়ন এবং আইএলও কনভেনশন-১৮২ (নিকৃষ্ট ধরনের শিশুশ্রম নিরসন কনভেনশন-১৯৯৯) বাস্তবায়নে ৩৮টি শ্রমকে শিশুদের জন্য ঝুকিপূর্ণ ঘোষণা করা। 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা-২০১৫'জারি করা হয়েছে। মোট ৪৩ (তেতাল্লিশ) টি বেসরকারি শিল্প সেক্টরের মধ্যে ৪১টি শিল্প সেক্টরের শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি নির্ধারণ করা হয়েছে। পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের সহায়তার জন্য কেন্দ্রীয় তহবিল গঠন করা হয়েছে। পরিদর্শন কার্যক্রম, প্রতিবেদন প্রেরণ ও আনুষঙ্গিক কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, এর অংশ হিসেবে Labor Inspection Management Application (LIMA) শিরোনামে একটি মোবাইল অ্যাপলিকেশন তৈরি করা হয়েছে এবং গত ০৬ ই মার্চ ২০১৮ তারিখে এটি উদ্বোধন করা হয়। শ্রম পরিদপ্তরকে ডিসেম্বর/২০১৭ সালে অধিদপ্তরে উন্নীত করে ২০৯টি নতুন পদ সৃজন করা হয়েছে। শ্রমিকদের স্বাস্থ্যকথা নামে একটি মোবাইল অ্যাপলিকেশন তৈরি করা হয়েছে, যার মাধ্যমে শ্রমিকগণ শ্রমিক কল্যাণ কেন্দ্রে কর্মরত চিকিৎসকদের কাছ থেকে চিকিৎসা সংক্রান্ত পরামর্শ গ্রহণ করতে পারবেন।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

শ্রমজীবী মানুষের মৌলিক চাহিদা পূরণ, স্বল্প সময়ের মধ্যে দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টি, ন্যূনতম, মজুরি পুনর্নির্ধারণ, শ্রম কল্যাণ, শিশু শ্রম নিরসন, নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি, আন্তর্জাতিক পরিমণ্ডলে অধিকতর সমন্বয়সাধন ও আস্থার পরিবেশ সৃষ্টি, শিল্প ও ব্যবসা বাণিজ্য সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সকল কারখানা ও প্রতিষ্ঠানকে পরিদর্শনের আওতায় নিয়ে আসা এবং বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী কমপ্লায়েন্স নিশ্চিত করা, 'ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট অথরিটি(এনএসডিএ) আইন' চূড়ান্ত করা, বিদ্যমান ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রকে শ্রমিকদের যথাযথ সেবা প্রদানের জন্য প্রকল্প গ্রহণের মাধ্যমে উন্নয়নসাধন, বিশেষত, দেশ ও বিদেশের চাহিদা অনুযায়ী বেকার যুবক ও যুব মহিলাদের সমন্বিত কারিগরি প্রশিক্ষণের আওতায় নিয়ে এসে দেশে ও বিদেশে কর্মসংস্থানের উপযোগী হিসেবে গড়ে তোলা এবং শিশুশ্রম নিরসনে গৃহীত প্রকল্প বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৩৫০০০ কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন;
- ০৩টি সেক্টর থেকে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন;
- শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিল-এর কার্যক্রমের আওতায় ২৫০০ জন শ্রমিককে অনুদান প্রদান;
- শ্রমজীবীদের পেশাগত রোগের চিকিৎসার জন্য পিপিপি-এর আওতায় ১টি বিশেষায়িত হাসপাতাল নির্মাণ;
- ৩২০টি শিল্প কারখানায় অংশগ্রহণকারী কমিটি গঠন; এবং
- পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের ন্যূনতম মজুরি পুনর্নির্ধারণ।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

শোভন (decent) কর্মপরিবেশ এবং শ্রমিকদের উন্নত জীবনমান।

১.২ অভিলক্ষ্য (Mission)

শিল্প-প্রতিষ্ঠানে নিরাপদ কর্মপরিবেশ সৃজন, শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক নিশ্চিতকরণ, শিশুশ্রম নিরসন এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. শ্রম সম্পর্কিত কমপ্লাইন্স উন্নয়ন

২. কারখানা ও প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়ন

৩. শ্রমিকদের কল্যাণ জোরদারকরণ

৪. দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

৫. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. শ্রমিকদের শিক্ষা, কল্যাণসাধন ও সামাজিক নিরাপত্তা বিধান;

২. শ্রম প্রশাসন, প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত জনশক্তি তৈরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

৩. ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শিল্প ও শ্রম বিরোধ নিষ্পত্তি, ন্যূনতম মজুরি নির্ধারণ ও বাস্তবায়ন এবং শিল্প কারখানা নিবন্ধন কার্যক্রম;

৪. শ্রম আইন প্রণয়ন, প্রয়োগ এবং শিশু শ্রম নিরসন;

৫. শ্রম ও জনশক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে আই.এল.ও-সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে সমন্বয় ও চুক্তি সম্পাদন;

৬. দেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে মানবসম্পদের দক্ষতা উন্নয়ন ও কর্মমুখি প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয়; এবং

৭. কারখানা ও প্রতিষ্ঠানে কমপ্লায়েন্স নিশ্চিতকরণ।

সেকশন ২

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৬-১৭	প্রকৃত অর্জন* ২০১৭-১৮	লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০১৯-২০	২০২০-২১		
কারখানায় আইনসম্মত কমপ্লাইন্স	কমপ্লাইন্স নিশ্চিতকৃত কারখানা	%	৬৫	৬০	৬৭	৭০	৭২	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন
বেসরকারি শিল্প সেক্টরে ন্যূনতম মজুরি নির্ধারণ	ন্যূনতম মজুরি নির্ধারণকৃত শিল্প সেক্টর	%	৫০	৬০	৫৫	৫৭	৬০	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং নিম্নতম মজুরি বোর্ড	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন
শিল্প সম্পর্ক উন্নয়ন	নিষ্পত্তিকৃত শ্রম বিরোধ	%	১০০	১০০	১০০	১০০	১০০	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তর	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন
শিশুশ্রম নিরসন	শিশুশ্রম নিরসনকৃত শিল্প সেক্টর	সংখ্যা	২	৩	৩	৩	৩	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য